

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে

ভর্তির বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় এ ইংরেজি ভাষা ও ইংরেজি ভাষা শিক্ষাদান (ই.এল.টি) বিষয়ের উপর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এম. ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদন পত্র আহবান করা হচ্ছে। কেবলমাত্র ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীধারীগণই উল্লিখিত প্রোগ্রাম সমূহে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ক) এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা:

১। প্রার্থীর অবশ্যই এস.এস.সি/সমমান ও এইচ.সি.সি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে প্রথম বিভাগ অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.৭৫ থাকতে হবে।

২। যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৫০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

৩। ১ ও ২ নং-এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ না হলেও এম.ফিল, প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করা যাবে, যদি প্রার্থীর (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয়/সরকারী কলেজে ইংরেজি বিষয়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (খ) বেসরকারী ডিগ্রী কলেজে ইংরেজি বিষয়ে অনার্স পর্যায়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকে। তবে, সে ক্ষেত্রেও সনাতন পদ্ধতিতে দ্বিতীয় শ্রেণি অথবা গ্রেডিং পদ্ধতিতে ২.৭৫ এর নীচে থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না। (ক) ও (খ) উভয় ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতার সনদপত্র প্রাথমিক আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। এই বিধানের অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য মনোনীত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

খ) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা:

১। এম.ফিল. প্রোগ্রামে ভর্তির (১) ও (২) এর শিক্ষাগত যোগ্যতাসহ এম.ফিল./সমমান ডিগ্রী থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিষয়ের শিক্ষকগণ সরাসরি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

আবেদনকারীর যদি এম.ফিল. প্রোগ্রামে ভর্তির (১) ও (২) এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/সরকারী বৃত্তি অর্জন করে থাকেন তাহলে, প্রমান পত্রসহ তিনি সরাসরি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

আবেদনকারীর যদি এম.ফিল. প্রোগ্রামে ভর্তির (১) ও (২) এর শিক্ষাগত যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয় / সরকারী কলেজে ইংরেজি বিষয়ে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (খ) বেসরকারী ডিগ্রী কলেজে স্নাতক (সম্মান) পর্যায়ে ইংরেজি বিষয়ে ৭ বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকে, তাহলে তাঁরা সরাসরি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। (ক) ও (খ) উভয় ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতার সনদপত্র প্রাথমিক আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। তবে, সে ক্ষেত্রেও সনাতন পদ্ধতিতে দ্বিতীয় শ্রেণি অথবা গ্রেডিং পদ্ধতিতে ২.৭৫ এর নীচে থাকলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

প্রাথমিক আবেদন পত্র রাজশাহী বিশ্ববিদ্যালয় Website এর www.ru.ac.bd/ieol লিংক থেকে ডাউনলোড করা যাবে অথবা ২০/- টাকা মূল্যের (অব্যবহৃত) ডাকটিকিট সংযুক্ত নিজ ঠিকানা সংবলিত ৩"X৭" সাইজ খাম পরিচালক, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়-৬২০৫ এই ঠিকানায় ডাকযোগে পাঠিয়েও ইনস্টিটিউট অফিস থেকে সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে পরিচালক, আই ই ও এল, রাবি এর অনুকূলে ১০০০/- (এক হাজার মাত্র) টাকার ডি ডি অথবা পে-অর্ডারসহ পূরণকৃত ভর্তির আবেদনপত্রের সাথে ২ কপি পি পি সাইজ কালার ছবি, একাডেমিক সকল সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে আগামী ৩১/০৫/২০২২ তারিখ দুপুর ১:০০ টার মধ্যে সরাসরি স্বহস্তে অথবা ডাক/কুরিয়ার যোগে ইনস্টিটিউট অফিসে পৌঁছাতে হবে।

ভর্তির জন্য মনোনীত প্রার্থীগণকে (অর্থ প্রাপ্তি সাপেক্ষে) ইনস্টিটিউট থেকে ফেলোশীপ প্রদান করা হবে।

চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পেলে এম.ফিল. প্রোগ্রামের জন্য ১ বছর ও পিএইচ.ডি. প্রোগ্রামের জন্য ২ বছরের ছুটি দেওয়া হবে মর্মে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র ভর্তির সময় জমা দিতে হবে।

আবেদন পত্রের সঙ্গে একটি সংক্ষিপ্ত গবেষণা প্রস্তাব জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে। ভর্তির সুযোগ পেলে এক বছরের কোর্সওয়ার্ক বাধ্যতামূলক।

স্বাক্ষর/-
(আব্দুল্লাহ আল মামুন)
প্রফেসর ও পরিচালক

সূত্র নং- আই.ই.ও.এল/০২-শিক্ষাঃ/৮/

তারিখ : ০৫.০৪.২০২২

অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. ডীন, অনুষদ..... রাজশাহী বিশ্ববিদ্যালয়।
২. প্রাধ্যক্ষ/ওয়ার্ডেন,..... রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৩. পরিচালক,..... রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৪. সভাপতি,..... রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৫. রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৬. প্রশাসক, জনসংযোগ দপ্তর, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৭. পরিচালক, আই.সি.টি সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৮. পরীক্ষা নিয়ন্ত্রক, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৯. অধ্যক্ষ, কলেজ
-
১০. উপ-পরিচালক, মাউশি, আঞ্চলিক অফিস, রাজশাহী।

স্বাক্ষরিত/-
(আব্দুল্লাহ আল মামুন)
প্রফেসর ও পরিচালক
ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী